**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**18 OCTOBER 2024** **7:35 AM IST**

==========================================================================

আসামে বিদেশী শনাক্তকরণের ভিত্তিবর্ষ ১৯৭১ সাল বহাল থাকবে বলে দেশের সর্বোচ্চ আদালত রায় দিয়েছে । গতকাল সুপ্রীম কোর্ট নাগরিকত্ব আইনের ৬ নম্বর দফা অনুযায়ী এই রায়দান করে । আসাম সম্মিলিত মহাসংঘের আবেদনের ভিত্তিতে এসম্পর্কিত শুনানি গ্রহণ করা হয়েছিল । মুখ্য বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বে পাঁচজনের বিচারপীঠ এই রায়দান করেছেন । মুখ্য বিচারপতি এসম্পর্কে বলেন যে আসাম চুক্তি রাজ্যে বিদেশী নাগরিকদের অবৈধ অনুপ্রবেশ প্রতিরোধে একটি রাজনৈতিক সমাধান ছিল । উল্লেখ্য বিচারপীঠের চারজন বিচারপতি এর সপক্ষে রায়দান করার বিপরীতে একজন বিচারপতি বিরুদ্ধে মত পোষন করেন ।

অসম গণ পরিষদ দলের সভাপতি অতুল বরা সুপ্রীম কোর্টের এই রায়কে স্বাগত জানিয়েছেন । এছাড়া বিজেপি, কংগ্রেস, এ আই ইউডি এফ সহ বিভিন্ন রাজনৈতিক দল ও সংগঠন সুপ্রিম কোর্টের এই রায়কে স্বাগত জানিয়েছে ।

---

মুম্বাই আগরতলা লোকমান্য তিলক এক্সপ্রেস গতকাল ডিমা হাসাও জেলার ডিবলাং রেলষ্টেশন এর কাছে বিকেল প্রায় ৪ টা কুড়ি মিনিটে লাইনচ্যুত হয়ে যাওয়ায় শেষ পাওয়া খবর অনুযায়ী ট্রেনটির ইঞ্জিন সহ চারটি বগি লাইনচ্যুত হয়েছে ।

এদিকে পরিস্থিতি সরজমিনে খতিয়ে দেখা সহ যাত্রীদের সহায়তা করতে জরুরীকালীন পরিষেবা এবং রেল আধিকারিকরা দূর্ঘটনাস্থলে পৌছে গেছেন । এই দূর্ঘটনার তদন্ত শুরু হয়েছে ।

রেল কতৃপক্ষ ঐস্থানে স্বাভাবিক পরিস্থিতি ফিরিয়ে আনতে কাজ অব্যাহত রেখেছে ।

এদিকে শিলচর রেল স্টেশনের সুপার আকাশবানীকে জানিয়েছেন যে এর পরিপ্রেক্ষিতে আজ সকাল সাতটার শিলচর-গুয়াহাটী বিশেষ যাত্রী ট্রেন পরিষেবাও বাতিল করা হয়েছে ।

রেল বিভাগ লামডিং স্টেশনে যেকোন ধরনের যাত্রী সহায়তার জন্য ০৩৬৭৪-২৬৩১২০ এবং ০৩৬৭৪-২৬৩১২৬ নম্বরে ফোন করতে অনুরোধ করেছে ।

---

রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরি ,পর্যটন ,দক্ষতা ,নিয়োগ ও শিল্পোদ্যোগ বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া আজ করিমগঞ্জ সফরে আসছেন । মন্ত্রী শ্রী বরুয়া আজ বিকেল চারটায় করিমগঞ্জ পৌছে দলীয় কার্যালয়ে কর্মকর্তাদের সঙ্গে একটি বৈঠকে মিলিত হবেন । এরপর মন্ত্রী শ্রী বরুয়া শিলচর ফিরে এসে ধলাই চলে যাবেন ।

---

হাইলাকান্দি পুলিশ গপন সূত্রের খবরের ভিত্তিতে গত বুধবার রাতে শহরের এক নম্বর ওয়ার্ড থানা এলাকা থেকে ১২ গ্রাম হেরোইন সহ দুজন পাচারকারীকে আটক করেছে। আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন যে সদর ডিএসপি সুরজিত চৌধুরির নেতৃত্বে চালানো অভিযানে নজরুল ইসলাম লস্কর ও ময়না মিয়া বরভুইয়া নামের দুজনকে আতক করা হয়েছে, পুলিশ এই ঘটনার তদন্ত শুরু করেছে।

---

করিমগঞ্জ জেলা কৃষি বিভাগের সহকারী কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে রাজ্যের কৃষি বিভাগের গ্রামীন পরিকাঠামো উন্নয়ন তহবিলের অধীনে ৮৫ শতাংশ সরকারী রেহাই মূল্যে ৪৪টি সৌরচালিত সোলার পাম্প বিতরন করা হবে বলে জানিয়েছেন । বিজ্ঞপ্তীতে আরো বলা হয়েছে যে যাদের ইতিমধ্যে অগভীর পাঁচ ইঞ্চি ডায়া পাইপ নলকূপ চালু আছে , কেবল তারাই আবেদন করতে পারবেন । এছাড়া ঐ প্রকল্পের অধীনে ৮৫ শতাংশ সরকারী রেহাই মূল্যে ৩০টি অগভীর নলকূপও বিতরন করা হবে । ইচ্ছুক কৃষকদের নির্ধারিত প্রপত্র পূরন করে জেলা কৃষি বিভাগের কার্য্যলয়ে আবেদন করতে বলা হয়েছে ।

---

করিমগঞ্জের স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক এক বিজ্ঞপ্তীতে জেলায় প্রাইভেট ক্লিনিকেল এস্টাবলিশমেন্টগুলিকে চিকিৎসকের প্রাইভেট চেম্বারে গর্ভবতী মহিলার প্রসব পূর্ব পরীক্ষার তথ্য জানাতে নির্দেশ দিয়েছেন । পাশাপাশি ব্যাক্তিগতভাবে নিয়মিত টীকা প্রদানের তথ্য জানাতে বলা হয়েছে । নির্দেশ

অমান্য করলে সংশ্লিষ্ট স্বাস্থ্য আইনে ব্যবস্থা গ্রহন করা হবে বলে জানানো হয়েছে ।

---

কাছাড়ের জেলা সমাজ কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তিতে শুধুমাত্র রেজিষ্টার্ড ট্র্যাভেল এজেন্সি থেকে বার্ষিক ভাড়ার ভিত্তিতে গাড়ি সরবরাহ করার দরপত্র জমা দেওয়ার দিন আগামী ১৯শে অক্টোবর বেলা দুটো পর্য্যন্ত বৃদ্ধি করেছেন । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে আগে এই দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ ছিল ১৫ই অক্টোবর । বিশদ বিবরন জেলা সমাজ কল্যান আধিকারীকের কার্য্যলয়ে পাওয়া যাচ্ছে ।

---

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামী রবিবার শিলকুড়ির সমীরা নাগ ইংলিশ মিডিয়াম স্কুলে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

এদিকে লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং কালাইন ডিভাইন ফাউন্ডেশনের সহযোগীতায় আগামী ২১শে অক্টোবর কালাইন চা বাগান হাসপাতালে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---